

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫০৬

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (كتاب القصاص)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - দিয়াত (রক্তপণ)

আরবী

عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ قَالَ: دِيَةُ شِبْهِ الْعَمْدِ أَثْلَاثًا ثَلَاثٌ وَثَلَاثُونَ حِقَّةً وَثَلَاثٌ وَوَايَةٍ: قَالَ: فِي وَثَلَاثُونَ جَذَعَةً وَأَرْبَعٌ وَثَلَاثُونَ ثَنِيَّةً إِلَى بَازِلِ عَامِهَا كُلُّهَا خَلِفَاتٌ وَفِي رِوَايَةٍ: قَالَ: فِي الْخَطَأُ أَربَاعًا: خَمْسَة وَعِشْرُونَ حِقَّةً وَخَمْسٌ وَعِشْرُونَ جَذَعَةً وَخَمْسٌ وَعِشْرُونَ بَنَاتِ لَلْهُونٍ وَخَمْسٌ وَعِشْرُونَ بَنَاتٍ مَخَاصٍ. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৩৫০৬-[২১] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'শিবহিল 'আমদ' তথা ইচ্ছাকৃত হত্যার সদৃশ হত্যার রক্তপণ তিন প্রকারের উট দ্বারা আদায় করতে হবে। তেত্রিশটি হিক্কাহ্ (যে উট তিন বৎসর পূর্ণ হয়ে চতুর্থ বৎসরে পদার্পণ করেছে), তেত্রিশটি জাযা'আহ্ (যে উট চার বৎসর পূর্ণ হয়ে পঞ্চম বৎসরে পদার্পণ করেছে), চৌত্রিশটি সানিয়্যাহ্ থেকে বাযিল (ষষ্ঠ হতে নবম বৎসর পর্যন্ত বয়সী উট); তবে অবশ্যই এ জাতীয় উটনী গর্ভবতী হতে হবে। অন্য বর্ণনায় আছে, ভুলবশত হত্যার রক্তপণ চার প্রকারের উট দ্বারা আদায় করতে হবে- পঁচিশটি পূর্ণরূপে তিন বৎসরের, পাঁচশটি পূর্ণরূপে চার বৎসরের, পাঁচশটি পূর্ণ দুই বৎসরের আর পাঁচশটি পূর্ণ এক বছরের উটনী হতে হবে। (আবূ দাউদ)[1]

ফটনোট

[1] য'ঈফ : আবু দাউদ ৪৫৫১, ইবনু আবী শায়বাহ ২৭২৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে (قتل شبه عمد) অর্থাৎ ইচ্ছাকৃত হত্যার সদৃশ হত্যায় দিয়াত দিতে হবে তা বর্ণনা করা হয়েছে। আর তা হলো, ১. তেত্রিশটি হিক্কাহ্ (যে উটের বয়স চতুর্থ বছরে পড়েছে)। ২. চৌত্রিশটি সানিয়্যাহ্ হতে বাযিল পর্যন্ত (অর্থাৎ ৬ষ্ঠ হতে ৯ম বৎসর পর্যন্ত বয়সের উট), তবে এসব উট গর্ভবতী হতে হবে। উক্ত হাদীসে ইচ্ছাকৃত হত্যার সদৃশ ভুল হত্যা এবং ভুলক্রমে হত্যার দিয়াতের পার্থক্য বর্ণনা করা হয়েছে। ('আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ



৪৫৪১; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন